

B.A. 5th Semester (Programme) Examination, 2022

বাংলা

Course Title: আধুনিক বাংলা কবিতা

Course Code: APBNG-503-GE-1

Course ID: 50114

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

- ক) জীবনানন্দ দাশের 'রাত্রি' কবিতাটি কত সালে রচিত? কবিতাটি কোন মূল কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- খ) 'আকাশলীনা' কবিতাটি কাকে সম্বোধন করে রচিত? 'আকাশলীনা' শব্দের অর্থ কী?
- গ) 'আমি দেখি' কবিতাটিতে 'গাছ' শব্দটি মোট কতবার ব্যবহৃত হয়েছে ? কবিতাটি কোন কাব্য সংকলনের অন্তর্গত?
- ঘ) 'মন্ত্রীমশাই' কবিতায় মন্ত্রীমশাই কখন আসবেন? কাকে সঙ্গে করে নিয়ে আসবেন?
- ঙ) "আহা বেশি দিন বাঁচবো না আমি বাঁচতে চাই না"—কোন কবিতার অংশ? কবি বেশিদিন বাঁচতে চান না কেন?
- চ) 'ইন্দ্র ধরেছে কুলিশ' কবিতাটি কত সালে প্রকাশিত ? কবিতাটি কোথায় প্রথম প্রকাশিত হয়?
- ছ) আম্রপালি কিসের খোঁজে অন্ধকারের মধ্যে পালিয়ে যায়? কারা আম্রপালির পিছনে পড়েছিল?
- জ) 'চল্লিশ চাঁদের আয়ু' কত সালে প্রকাশিত? বইটির ভূমিকা কে লিখেছিলেন?

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ X ৫ = ১০

- ক) 'আকাশলীনা' কবিতাটিতে কবি প্রেম, বিরহ ও মৃত্যু চেতনার কীভাবে আধুনিক কাব্যরূপ দিয়েছেন লেখো।
- খ) 'ইন্দ্র ধরেছে কুলিশ' কবিতায় শঙ্খ ঘোষ ক্ষমতাতন্ত্রের বিরুদ্ধে যে প্রতিবাদ করেছেন, তা নিজের ভাষায় সংক্ষেপে লেখো।
- গ) 'চতুরঙ্গ' কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) 'চল্লিশ চাঁদের আয়ু' কবিতাটি নারী চেতনার জীবন্ত দলিল - এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ X ১০ = ২০

ক) “বরং নিজেই তুমি লেখো নাকো একটি কবিতা।” চরণটির মাধ্যমে কবি জীবনানন্দ দাশ সমকালীন সমালোচকদের উপর যে তীব্র ব্যঙ্গের কষাঘাত হেনেছেন, তা নিজের ভাষায় আলোচনা করো।

খ) আধুনিক কবি হিসাবে শঙ্খ ঘোষের কবি স্বভাবের বৈশিষ্ট্য পাঠ্য কবিতা অবলম্বনে লেখো।

গ) ‘আমি দেখি’ কবিতায় আধুনিক নাগরিক সভ্যতায় কবির বৃক্ষ-প্রেম ও পরিবেশ চেতনার দিকটি কীভাবে ব্যক্ত হয়েছে তা আলোচনা করো।

ঘ) ইতিহাসের আম্রপালি যেন বর্তমান যুগের নারীর প্রতিনিধি—মল্লিকা সেনগুপ্তের ‘আম্রপালি’ কবিতা অবলম্বনে আলোচনা করো।